

২০১৮

বাংলা - সাম্মানিক

তৃতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো। যে-কোনো একটি বাংলা রাজনৈতিক উপন্যাস অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ২+৪+৮
- অথবা,
- (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭+৭
- (অ) মনস্তাত্ত্বিক উপন্যাস
- (আ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস
- (ই) রোমাঞ্চ
- (ঈ) ছোটগল্প
- ২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে 'উপক্রমণিকা' অংশটির প্রয়োজন ছিল কী? মূল উপন্যাসের সম্পূর্ণতা ও রসসৃষ্টিতে অংশটির গুরুত্ব বিশ্লেষণ করো। ১৪
- অথবা,
- (খ) 'প্রতাপ' অথবা 'চন্দ্রশেখর'— কাকে তুমি 'চন্দ্রশেখর' উপন্যাসের নায়ক হিসেবে নির্বাচন করবে এবং কেন করবে, তা যুক্তি সহকারে আলোচনা করো।
- ৩। (ক) "পৃথিবীতে যত পাপিষ্ঠা আছে, তোমার মত পাপিষ্ঠা কেহ নাই।"— কে, কাকে এই কথা বলেছে? তাকে পাপিষ্ঠা বলার কারণ বুঝিয়ে দাও। ২+২
- অথবা,
- (খ) "এই পত্রকে সূত্র করিয়া বিধাতা দলনী ও শৈবলিনীর অদৃষ্ট একত্র গাঁথিলেন।"— প্রসঙ্গ বিবৃত করে উদ্ধৃত অংশটির তাৎপর্য বুঝিয়ে দাও। ২+২
- ৪। (ক) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪
- অথবা,
- (খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসে অন্নদাদিদি চরিত্রের অভিনবত্ব বিশ্লেষণ করো।

Please Turn Over

- ৫। (ক) “মড়ার কি জাত থাকে রে?”— কে, কাকে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছে বুঝিয়ে দাও। ১+১+২
- অথবা,
- (খ) “কোন মিথ্যাবাদী প্রচার করিয়াছে— আলোরই রূপ, আঁধারের রূপ নাই?”— তাৎপর্য বিশ্লেষণ করো। ৪
- ৬। (ক) “শেষের কবিতা” উপন্যাসটিকে কাব্যধর্মী উপন্যাস বলা যায় কিনা, তা বিচার করো। ১৫
- অথবা,
- (খ) “শেষের কবিতা” উপন্যাসে লাভণ্য চরিত্রের পরিচয় দাও। ১৫
- ৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২
- (ক) “তার মুখ-ধোবার টেবিলের উপকরণ দশাননে পক্ষে ও বাহুল্য হত।”— কার কথা বলা হয়েছে? প্রসঙ্গ বিবৃত করো। ১+৪
- (খ) “এনামেল করা মুখের উপর দিয়ে দর্ দর্ করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।”— কার কথা বলা হয়েছে? চোখের জল গড়িয়ে পড়ার কারণ বুঝিয়ে লেখো। ১+৪
- (গ) “একটি ছোটো চিঠি এল লাভণ্যর হাতে।”— চিঠিটি কে, কী কারণে লিখেছিলেন? ১+৪
- (ঘ) “একে ঠিক সাজ বলব না, এ হচ্ছে ওর একরকমের উচ্ছ্বাস।”— কার প্রসঙ্গে একথা বলা হয়েছে? কোনটা ‘সাজ’ নয়, আর ‘উচ্ছ্বাস’ই বা কেন, তা বুঝিয়ে লেখো। ১+৪
- ৮। (ক) আঞ্চলিক উপন্যাস হিসেবে “হাঁসুলী বাঁকের উপকথা” উপন্যাসের সার্থকতা বিচার করো। ১৫
- অথবা,
- (খ) ‘নসুবাবা’ চরিত্রটি ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের একটি অন্যতম শ্রেষ্ঠ চরিত্র।— যুক্তি-সহ আলোচনা করো।
- ৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ৫×২
- (ক) “ক্ষমা নাই - ঘেন্না নাই, দিগম্বরীর মত হাঁক পেড়ে, শত মুখে কলকল খলখল শব্দ তুলে দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে ছোটো।”— কার কথা বলা হয়েছে? প্রসঙ্গ বিবৃত করো। ১+৪
- (খ) “তিনি নাকি ছিলেন লক্ষ্মীমন্ত পুরুষ, আর তেমনিই নাকি ছিলেন জবরদস্ত জাঁহাজ বেটাছেলে, তার দাপটে নাকি বাঘে বলদে এক ঘাটে জল খেত।”— কার সম্পর্কে একথা বলা হয়েছে? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪
- (গ) “তারপর হঠাৎ আক্ষেপভরা, আক্রোশভরা কণ্ঠে সে বলে উঠল, ‘তুই গাঁয়ের সর্বনাশ করবি রে— তুই সব অনর্থের মূল’।”— কে, কার প্রতি এই উক্তি করেছে? উক্তিটির কারণ এবং ফলশ্রুতি বিবৃত করো। ২+৩
- (ঘ) “তা হ’লে আলোই বল আর অন্ধকারই বল, সে কোপ কি এড়ানো যায়।”— কে, কার প্রতি এই উক্তি করেছে? কিসের কোপের কথা বলা হয়েছে? ২+৩